



সোনালী ব্যাংক পিএলসি

বিশ্বস্ত ও স্মার্ট



নিলাম বিজ্ঞপ্তি

অর্থাল আদালত আইন ২০০৩ (সংশোধিত-২০১০) এর ১২(৩) ধারার বিধান অনুযায়ী বন্ধকীকৃত সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি।
ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : রায় ডেইরী ফার্ম, প্রোঃ প্রশান্ত কুমার রায়, পিতা : ফুল চাঁদ রায়, ঠিকানাঃ গ্রাম-চক্রাবালী(মল্লিকের মোড়),
পোঃ জলমা-৯২৬০, থানা-বটিয়াঘাটা, জেলা-খুলনা।

এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সোনালী ব্যাংক পিএলসি, বটিয়াঘাটা শাখা, খুলনা হইতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ৩১.০৮.২০২৬ তারিখ ভিত্তিক ব্যাংকের লেজার বকেয়া ৩২,৮৩,৫৭৩.০০(বিশ লক্ষ তিরিশ হাজার পাঁচ শত তিয়াত্তর), অনারোপিত সুদ এবং আদায়কালকত অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত সোনালী ব্যাংক পিএলসি, বটিয়াঘাটা শাখার অনুকূলে নিম্ন বর্ণিত বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি অর্থাল আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২(৩) ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে অগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকীকৃত সম্পত্তির তফসিল


- ১। জেলা-খুলনা, থানা ও সাব রেজিস্ট্রি অফিস- বটিয়াঘাটা, মৌজা-ছয়ঘরিয়া, জেএল নং-০৭, খতিয়ান নং-সিএস-৫৯, এসএ-১৩৫, আর এস-২৬, আর এস পৃথক- ৩৩১৯; দাগ নং-সিএস ও এস এ-২৩৩৭, ২৩৩৮, ২৩৩৯, ২৩৪০, ২৩৪১ আর এস-৩৫৩৮; জমির পরিমাণ ০.১৫০২৫একর ও তদুপরিস্থিত যাবতীয় নির্মানাদি সহ। ০.০৫০২৫ একর জমির চৌহদ্দীঃ উত্তরে-১০ ফুট চলাচলের রাস্তা, দক্ষিণে- নারায়ন রায় দিগ এর জমি, পূর্বে-শিমুল বিশ্বাসের জমি, পশ্চিমে- নুফল ইসলামের জমি। ০.১০ একর জমির চৌহদ্দীঃ উত্তরে-১০ ফুট চলাচলের রাস্তা, দক্ষিণে- নারায়ন রায় দিগ এর জমি, পূর্বে- বিপ্লব রায় চৌধুরী এর জমি, পশ্চিমে- মোঃ সিদ্দিকুর রহমান এর জমি। জমির মালিকের নাম-প্রশান্ত কুমার রায়।
- ২। জেলা-খুলনা, থানা- বটিয়াঘাটা, মৌজা-ছয়ঘরিয়া, জেএল নং-০৭, খতিয়ান নং-সিএস-৮৩, এসএ-১৮১, আর এস-৪৭৭, আর এস পৃথক-২৮২৩; দাগ নং-সিএস ও এস এ-২৩০৫, আর এস-৩৫৯৯; জমির পরিমাণ ০.১২৫৪একর ও তদুপরিস্থিত নির্মানাদি সহ। জমির চৌহদ্দীঃ উত্তরে-নিরঞ্জন মিত্রী গং, দক্ষিণে- সুকুমার রায়, পূর্বে- ১২ ফুট প্রশস্ত চলাচলের রাস্তা, পশ্চিমে- গিতা গং। জমির মালিকের নাম-প্রশান্ত কুমার রায়।

শর্ত সমূহ

১. আগামী ০৪/০২/২০২৭ ইং তারিখ দুপুর ৩.০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, খুলনাতে রক্ষিত দরপত্র ব্যঙ্গ জমা দিতে হইবে। ঐ দিনই বিকাল ৩.১৫ ঘটিকার সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র ব্যঙ্গ খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা/অফিসে পৌছাইতে হবে।
২. দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।
৩. দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেস্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল :

আর্নেস্ট মানি/জামানতের পরিমাণ	জামানতের হার	অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা
অনুর্দ্ধ টাকা= ১০,০০,০০০/-	২০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে
টাকা= ১০,০০,০০১/- হইতে অনুর্দ্ধ ৫০,০০,০০০/- টাকা	১৫%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে
টাকা ৫০,০০,০০০/- এর অধিক	১০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে

৪. দাখিলকৃত দরপত্রে উল্লিখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আছত হইবার পর ৩নং অনুচ্ছেদে নির্ধারিত সময়ের মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।
৫. দরপত্রে উল্লিখিত তফসিলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র প্রস্তাব বাতিল করিতে পারিবেন।
৬. দরপত্রদাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দিতে পারিবেন। তবে একই তফসিলভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।
৭. নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে সম্পত্তি হস্তান্তর করা হইবে, নিলাম ক্রেতাকে সম্পত্তির রেজিস্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।
৮. ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নিকট সরকারী/সায়তুশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌর কর, ভূমি কর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।
৯. কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকেই যে কোন/সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার অধিকার সংরক্ষণ করে।
১০. দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা ফেরত দেওয়া হইবে।
১১. নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ নিলামতব্য সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য সংশ্লিষ্ট সোনালী ব্যাংক পিএলসি, বটিয়াঘাটা শাখা, খুলনা এর সহিত যোগাযোগ করিতে পারিবেন।
১২. নিলাম বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখে কোন কারণ বশতঃ ছুটি ঘোষিত হইলে উহার পরবর্তী কার্যদিবসে নিলাম অনুষ্ঠিত হইবে।



(তরুন জ্যোতি মন্ডল)

এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার (শাখা প্রধান)

সোনালী ব্যাংক পিএলসি

বটিয়াঘাটা শাখা, খুলনা।

মোবাইল নং-০১৭১৩২৭৪৪৯১।

MEMORANDUM FOR THE RECORD

DATE: 10/10/90

SUBJECT: [Illegible text]

[Illegible text]

[Illegible text]

[Illegible text]

[Illegible text]

[Illegible text]

[Illegible text]

[Illegible text]

[Illegible text]

10/10/90

f